22 MAY 2016

তারিখ 23 MAY 2016 ......
পৃষ্ঠা ...৭... কলাম ...৬...

দৈনিক
ইত্তেফাক

# লালমনিরহাট সরকারি কলেজে শিক্ষক সংকট

■ সফিকুল ইসলাম, লালমনিরহাট প্রতিনিধি

লালমনিরহাট সরকারি কলেজে শিক্ষক সংকটের কারণে শিক্ষার্থীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। কলেজটিতে ৩টি বিষয়ে মাস্টার্স, ১০টি বিষয়ে অনার্স, ডিগ্রি ও উচ্চ মাধ্যমিক কোর্স চালু রয়েছে। সরকারি বিধি মোতাবেক কলেজটিতে ১১০ জন শিক্ষকের পদ থাকার বিধান থাকলেও এখন পর্যন্ত সৃষ্ট পদের সংখ্যা ৫৩টি। তার মধ্যে কর্মরত শিক্ষক রয়েছে ৩২ জন। শূন্য পদের সংখ্যা ২১টি।

বাংলা বিভাগে ৩ জন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ৩ জন, অর্থনীতি বিভাগে ৩ জন, ব্যবস্থাপনা বিভাগে ৩ জন, প্রাণিবিজ্ঞান বিভাগে ২ জন, ইসলামের ইতিহাসে ১ জন, পদার্থ বিজ্ঞানে ১ জন, রসায়ন বিজ্ঞানে ১ জন, হিসাব বিজ্ঞানে ১ জন, প্রভাষকের পদ শূন্য রয়েছে। তাছাড়াও দর্শন বিভাগের ১ জন, সহকারী অধ্যাপক ও ব্যবস্থাপনা বিভাগে ১ জন, সহকারী অধ্যাপকের ও ব্যবস্থাপনা বিভাগের ১ জন সহযোগী অধ্যাপকের পদ শূন্য রয়েছে।

এদিকে কলেজটিতে ৩৪ জন তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী সৃষ্ট পদ থাকলে বর্তমানে ২ জন তৃতীয় শ্রেণির, ও ২ জন চতুর্থ শ্রেণির কর্মচারী কর্মরত রয়েছে। শূন্যপদের সংখ্যা ৩০ জন।